তারিখ ... ২৩।১০।৭৩ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

দৈনিক বাংলা



### ইউপিপি'র জনসভা

# ১০ দফা দাবী মেনে নেয়ার আহ্বান

(স্টাফ রিপোর্টার)

রোববার বায়তুল মোকাররম প্রাঙ্গণে ইউপিপির এক জনসভায় জাতীয়তাবাদী ফ্রন্টের ঘোষণা ও কর্মসূচী বাস্তবায়নের দাবী জানান হয়।

সভায় ১০ দফা দাবী মেনে নেয়ারও আহ্বান জানান হয়েছে। দাবীগুলো হচ্ছে: সকল দেশপ্রেমিক রাজবন্দীর মুক্তি, সামরিক আইন প্রত্যাহার, রাজনৈতিক দলবিধি প্রত্যাহার, সংবিধানের চতুর্থ সংশোধনী বাতিল, প্রেস এন্ড পাবলিকেশনস অর্ডিন্যান্স বাতিল, আওয়ামী বাকশালী খুনী ও লুটেরাদের বিচার, মজুরী কমিশনের রিপোর্ট বেসরকারী খাতেও বাস্তবায়ন, শান্তি বাহিনী চুক্তি বাতিল খসড়া শিক্ষা নীতির আলোকে জাতীয় শিক্ষা নীতি ঘোষণা, সরকারী বেসরকারী শিক্ষকদের পে-স্কেলের বৈষ-

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ১০ দফা দাবী

(প্রথম পৃঃ পর)

ম্যের অবসান প্রভৃতি।

সভায় সভাপতিত্ব করেন ইউপিপির নবনির্বাচিত চেয়ারম্যান সাবেক শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ। বক্তৃতা করেন সভাপতি নিজে এবং দলের ভাইস চেয়ারম্যান জনাব মোস্তফা জামাল হায়দার ও সাধারণ সম্পাদক জনাব আবদুস মান্নান ভূইয়া।

সভাপতির ভাষণে কাজী জাফর আহমদ বলেন, গত তেসরা জুনের নির্বাচনে জাতীয়তাবাদী ফ্রন্টের কর্মসূচী ও ঘোষণাপত্র জনগণের সম্পত্তিতে পরিণত হয়েছে। জনগণের এই সম্পত্তি নিয়ে কোন ব্যক্তির ছিনিমিনি খেলার অধিকার নেই।

তিনি বলেন দাবী মেনে না নেয়া হলে তিনি তাঁর দল নিয়ে রাজপথে নামবেন। মন্ত্রিপরিষদ হতে পদত্যাগ এবং ইউপিপির চেয়ারম্যান নির্বাচিত হওয়ার পর এটাই জনসভায় তাঁর প্রথম ভাষণ।

জাতীয়তাবাদী ফ্রন্ট ভেঙ্গে দেয়ার তিনি সমালোচনা করেন।

ইউপিপি প্রধান অভিযোগ করেন যে ফ্রন্টের স্টীয়ারিং কমিটির সদস্য হওয়া সত্ত্বেও ফ্রন্ট বিলুপ্তি ঘোষণার আগে তাঁর সাথে কোন আলোচনা করা কিংবা মতামত নেয়া হয়নি। তিনি বলেন, এটা গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি অবমাননা।

তিনি আরো বলেন, শান্তি বাহিনী চুক্তি সম্পর্কে তিনি আগে কিছুই জানেননি একজন মন্ত্রী হিসেবে তিনি এ চুক্তি স্বাক্ষরের খবর প্রথমে খবরের কাগজে দেখেন।

তিনি অভিযোগ করেন যে রেলে তৃতীয় শ্রেণীর ভাড়া ও সারের মূল্য বৃদ্ধি সম্পর্কে মন্ত্রিপরিষদকে আগে কিছুই জানানো হয়নি।

তিনি বলেন, রাজনৈতিক দলগুলো ভেঙ্গে এদেশ থেকে গণতান্ত্রিক মূল্যবোধ বিলুপ্ত করার চেষ্টা চলছে। সাবেক শিক্ষামন্ত্রী বলেন, তেসরা জুনের নির্বাচনী ওয়াদার একটিও আজো বাস্তবায়িত হয়নি।

জাতীয়তাবাদী দল গঠনের সমালোচনা করে ইউপিপি নেতা বলেন, বিভিন্নমুখী রাজনৈতিক চিন্তাধারা ও মতাদর্শের পাঁচ মিশালী একটি রাজনৈতিক দল হতে পারে না।